সংবাদ

তারিখ ৬।২।৮২ পৃষ্ঠা ৭ কলাম ৫

098

### শিক্ষক সমিতির বিবৃতি

# প্রাথমিক শিক্ষা আইন বাস্তবায়ন দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষকদের দাবী-দাওয়া প্রসঙ্গে প্রধানমন্ত্রী প্রদত্ত বিবৃতির নিন্দা করে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আ, ক, ম, ফজলুল হক এক বিবৃতিতে বলেন, সরকার কর্তৃক প্রাথমিক শিক্ষকদের আন্দোলনকে বিভ্রান্ত করার অপকৌশলের অংশ হিসেবে এই বিবৃতি দেয়া হয়েছে।

নেতৃবৃন্দ ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকদের পৌর কর্পোরেশনের অধীনে ন্যস্তকরণ সম্পর্কিত কালাকানুন প্রত্যাহার করে ২৪শে নভেম্বর গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী প্রাথমিক শিক্ষা আইন বাস্তবায়নের দাবী জানান। এছাড়া তারা জনসমক্ষে কমিটির পূর্ণাঙ্গ সুপারিশ প্রকাশেরও দাবী করেন।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

(১ম পাতার পর)

এদিকে দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের ধর্মঘটের গতকাল ছিল ৩৯তম দিবস। ১৯শে ফেব্রুয়ারী থেকে ২১ শে ফেব্রুয়ারী পর্যন্ত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঢাকায় মহাবিক্ষোভ অনুষ্ঠান ও বঙ্গভবন অভিযানের কর্মসূচী ঘোষণা করেছে। মহাবিক্ষোভ দিবসের প্রস্তুতি উপলক্ষে সমিতির সভাপতি ৩রা ফেব্রুয়ারী কুষ্টিয়া, ৪ঠা ফেব্রুয়ারী খুলনা, ৫ই ফেব্রুয়ারী যশোর, ১০ই ফেব্রুয়ারী চট্টগ্রাম, ১৩ই ফেব্রুয়ারী ময়মনসিংহ ও ১৪ই ফেব্রুয়ারী জামালপুর জনসংযোগ সফর করছেন।

জাতীয় সমাজতান্ত্রিক দলের সাধারণ সম্পাদক জনাব আ, স, ম আবদুর রব, ইউনাইটেড পিপলস পার্টির চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক যথাক্রমে কাজী জাফর আহমদ ও মোস্তফা জামাল হায়দার পৃথক পৃথক বিবৃতিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আহূত মহাবিক্ষোভ দিবস ও বঙ্গভবন অভিযানের প্রতি একাত্মতা ঘোষণা করেন। কর্মসূচীকে সফল করে তোলার জন্য নেতৃবৃন্দ আপামর জনগণের প্রতি আহ্বান জানান। জাতীয় ছাত্র দলের নেতৃবৃন্দও এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ কর্মসূচী সমর্থন করেন।

ঢাকা মহানগরী সংগ্রাম পরিষদ আগামী ৫ই ফেব্রুয়ারী সকাল ১০টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে জমায়েত ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী গ্রহণ করেছে।

প্রাথমিক শিক্ষকদের দাবীর সমর্থনে জামাতে ইসলামী ঢাকা মহানগরী শাখা ৫ই ফেব্রুয়ারী বিকেল ৪টায় বায়তুল মোকাররম প্রাংগণে সমাবেশ ও মিছিলের কর্মসূচী নিয়েছে।